

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2014
PART-II

বাংলা - সাম্মানিক

চতুর্থ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।
 দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক ।

- ১) ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো । এই বৈশিষ্ট্যের আলোকে একটি বাংলা ট্রাজেডি নাটক বিশ্লেষণ করো । ১০ + ১০

অথবা

যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ১০ + ১০

- ক) সামাজিক নাটক খ) ঐতিহাসিক নাটক
 গ) সাংকেতিক নাটক ঘ) মেলোড্রামা ।

- ২) বাংলা নাট্যাভিনয়ের ক্ষেত্রে নাট্যানিয়ন্ত্রণ বিল উপস্থাপনার প্রেক্ষাপট বর্ণনা করো । প্রসঙ্গত বিলটির বিষয়বস্তু ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করো । ৫ + ৫ + ১০

অথবা

যে কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ১০ + ১০

- ক) ন্যাশনাল থিয়েটার (১ম পর্ব)
 খ) জোড়াসাঁকো নাট্যশালা
 গ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার
 ঘ) লেবেডফ ও বেঙ্গলী থিয়েটার ।

- ৩) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে সমকালীন সমাজ জীবনের যে ছবি প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও। ১০

অথবা

'একেই কি বলে সভ্যতা' প্রহসনে নবকুমার চরিত্রটি প্রহসনের চরিত্র হিসাবে কতদূর সার্থক হয়েছে আলোচনা করো।

- ৪) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির সার্থকতার অন্যতম কারণ এর সংলাপ রচনার নৈপুণ্য — এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

অথবা

'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসন অবলম্বনে ভক্তপ্রসাদ চরিত্রের বৈশিষ্ট্যগুলি যথাযথভাবে বিশ্লেষণ করো।

- ৫) 'অভিজিৎ হচ্ছে সেই মারনেওয়ালার ভিতরকার পীড়িত মানুষ।' — রবীন্দ্রনাথের এই উক্তি আলোকে অভিজিৎ চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

অথবা

'মুক্তধারা' নাটকে জনতার ভূমিকা নির্ধারণ করো।

- ৬) 'টিনের তলোয়ার' নাটকের বেণীমাধব চরিত্রটির স্বরূপ নির্ণয় করো। ১৫

অথবা

উৎপল দত্ত-এর 'টিনের তলোয়ার' নাটকে প্রতিফলিত আর্থ-সামাজিক ও রাজনৈতিক-সাংস্কৃতিক প্রেক্ষাপটের পরিচয় দাও।

- ৭) ক) "জন না ? বিদেশী বুঝি ? ওটা যন্ত্র।" — কে কাকে একথা বলেছে ? যন্ত্রটির পরিচয় দাও।

১ + ১ + ৩ = ৫

অথবা

খ) "আমার জীবনের স্রোত রাজবাড়ির পাথর ডিঙ্গিয়ে চলে যাবে" — উক্তিটি কার ? এই উক্তিটিতে বক্তার কোন্ মানসিকতা প্রকাশ পেয়েছে ? ১ + ৪ = ৫

- ৮) ক) "এত নেকাপড়া করে টিনের তলোয়ার বেঁধে ছেলেমানুষী করো কেন ?" — কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে ? এর তাৎপর্য কী ? ১ + ১ + ৩ = ৫

অথবা

খ) "নিজের মেয়ে হলে এ কাজ করতে পারতে না বাবু।" — কে, কাকে একথা বলেছে ? কোন্ কাজের কথা বলা হয়েছে ? ১ + ১ + ৩ = ৫